

ছাত্র ইউনিয়নের সংবাদ সম্মেলন বেসরকারি মেডিকেল ও বিশ্ববিদ্যালয়ে ড্যাট প্রস্তাব প্রত্যাহার দাবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও এমপিওভুক্ত কলেজগুলোর ওপর প্রস্তাবিত ১০ শতাংশ ড্যাট প্রত্যাহারের দাবি জানিয়েছে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন বেসরকারি বিশ্ববিদ্যালয় শাখা। শনিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলন থেকে এ দাবি জানানো হয়। এ সময় তারা বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনে সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের জন্য অভিন্ন নীতিমালাসহ প্রতি ক্রেডিটে টিউশন ফি'র নিম্ন ও উর্ধ্বসীমা নির্ধারণেরও দাবি জানান। ছাত্র ইউনিয়ন বেসরকারি বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আরেফিন হুম্মার সভাপতিত্বে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সাধারণ সম্পাদক জ্যোতির্ময় চক্রবর্তী। এতে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক জিএম জিলানি ও ড. ফুলছাত্রবিষয়ক সম্পাদক অনিক রায়, ঢাবি শাখার সভাপতি পিটন নন্দী প্রমুখ।